# অথ কবিতা দিবস কথা

নির্মলেন্দু রায়

২১ মার্চ ২০২১

*আজ বিশ্ব কবিতা দিবস। এই উপলক্ষে একটি ছোট্ট কিন্তু তাৎপর্যপূর্ণ নিবেদন করেছেন নির্মলেন্দু রায় ...*

## অথ কবিতা দিবস কথা

অজিতবাবু মনে করিয়ে দিলেন, আজ কবিতা দিবস!
যাচ্চলে! খুব মিস করে ফেলেছিলাম বটে!
কিন্তু, কবিতাকে মনে রাখার কি খুব প্রয়োজন রয়েছে!
কবিতা তো মানুষের জীবন যাপনের অপরিহার্য অঙ্গ নয়!
কবিতা নিছক সুখের সাথী, শৌখিন বেদনার বিলাসিতা!
যখন পেটে খিদের জ্বালা নেই, কোন নেকড়ের ধাওয়া থাকে না,
তখন মনের কোনে কল্পনার ফানুসে কবিতা ভেসে উঠে।
গোটা পৃথিবীটাকে তখন খুব সুন্দর মনে হয়,
মানুষের যাবতীয় সম্বন্ধ তখন প্রাণবন্ত হয়ে উঠে;
নির্বাসিত জীবনেও তখন মেঘদূতের জন্ম হয়।

কিন্তু, বাস্তবের রূঢ়তায় কবিতার কোন ঠাঁই নেই;
পূর্ণিমার চাঁদ তখন ঝলসানো রুটি হয়ে উঠে।
নারকীয় বিভীষিকায় সব কিছু শুধু গদ্য, আর গদ্যময়!
মানুষের অস্তিত্ব  সঙ্কটের আবর্তে তলিয়ে যায়...
পড়ে থাকে নোয়াখালীর গণহত্যার অলিখিত ইতিহাস...
হতভাগ্য ডি-ভোটার আর ঘোষিত বিদেশিদের লাঞ্ছিত জীবন,
ট্রাইব্যুনালে ট্রাইব্যুনালে লক্ষ লক্ষ বিড়ম্বিত নাগরিক,
জীবন সংগ্রামের এই ফ্রন্ট সমূহে কবিতা কোথাও নেই!
বাঙালির জীবন থেকে অলস কবিতা উবে গেছে...
হ্যাঁ কবিতা, তুমি আজ নিছক এক নগর পসারিনী।

(C) Ishan Kotha